গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএসটিআই ও বিএসইসি শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

নং- ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খণ্ড-১)-১২২

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ / ০১ জুন, ২০২০

বিষয় : **জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি।**

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে জেলা প্রশাসকের নেতৃত্বে নিম্নোক্তভাবে প্রতিটি জেলায় একটি এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | : | আহবায়ক |
| (২) | প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণে নিয়োজিত লিড ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের জেলা পর্যায়ের শীর্ষ কর্মকর্তা | : | সদস্য |
| (৩) | বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৪) | এসএমই ফাউন্ডেশন এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৫) | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি | : | সদস্য |
| (৬) | জেলা সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) | : | সদস্য |
| (৭) | খাত ভিত্তিক শিল্প সংগঠনের জেলা সভাপতি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৮) | উইমেন চেম্বার/এ্যাসোসিয়েশন এর সভাপতি (প্রযোজ্য ক্ষেত্রে) | : | সদস্য |
| (৯) | জেলা প্রশাসক মনোনীত স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তি (একজন) | : | সদস্য |
| (১০) | জেলা প্রশাসক মনোনীত মাইক্রো ফাইনান্সিং প্রতিষ্ঠান/আর্থিক প্রতিষ্ঠানের জেলা প্রতিনিধি (একজন) | : | সদস্য |
| (১১) | উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক | : | সদস্য-সচিব |

**কমিটির কার্য-পরিধি :**

(i) অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্পের ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাগণ যেন স্বচ্ছতার সাথে ঝামেলাহীনভাবে ব্যাংক থেকে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণ করতে পারে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(ii) প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণ বিতরণ, তদারকি ও আদায় সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ এবং প্রাপ্ত সমস্যাসমূহ স্থানীয়ভাবে সমাধানের উদ্যোগ গ্রহণ;

(iii) অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাগণ COVID-19 পরবর্তী সময়ে যেন স্বাভাবিক ব্যবসায় ফিরে আসতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(iv) সকল ক্যাটাগরির উদ্যোক্তাকে সুষমভাবে ঋণ সুবিধার আওতায় আনার স্বার্থে এবং ঋণের ডুপ্লিকেশন পরিহারপূর্বক অপচয় হ্রাস করতে কমিটি এসএমই খাতের অন্যান্য ঋণ বিতরণ কার্যক্রমও তদারকি ও সমন্বয় করবে; এবং

(v) ঋণ বিতরণ কার্যক্রম চলাকালীন কমিটি প্রতিমাসে ন্যুনতম একবার সভায় মিলিত হবে এবং সভার সিদ্ধান্তসমূহ ও ঋণ বিতরণ কার্যক্রমের মাসিক অগ্রগতি সচিব, শিল্প মন্ত্রণালয়-কে অবহিত করবে।

০১/০৬/২০২০
(মোঃ মাকসুদুর রহমান)
সহকারী সচিব
মোবাইল : ০১৯৭৪৮৫৮৮০৭

জেলা প্রশাসক (সকল)
জেলা প্রশাসকের কার্যালয়।

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৪। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়
৯। চেয়ারম্যান, বিসিক, মতিঝিল, ঢাকা
১০। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, পান্থপথ, ঢাকা
১১। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা
১২। চেয়ারম্যান, বাংলাদে এ্যাসোসিয়েশন অব ব্যাংকস্, ঢাকা
১৩। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
১৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
১৫। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)
১৬। অতিরিক্ত সচিব (বিরা ও বেখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
১৭। যুগ্মসচিব (আস, সমন্বয় ও প্রওম) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।